

আবেদনকারী
ভর্তি কলিগ (ফোন, হাফ ও মাস্টার)

২৮/০৫/২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২০০

তারিখ: ২৮/০৫/২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড সম্পর্কিত নির্দেশনা।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ৩১ মে ২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশের ১৩৭টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিচয়নকৃত ৫,৬০,৫৯৫ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ১৪ মে ২০২৫ তারিখ থেকে ইস্যু করা হয়েছে, যা ৩০ মে ২০২৫ তারিখ পর্যন্ত ডাউনলোড করা যাবে।

এছাড়া এ সকল পরীক্ষার্থীকে পরীক্ষার তারিখ, কেন্দ্রের নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বর এর তথ্য এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। একই সঙ্গে অনেক পরীক্ষার্থী ভর্তি বিষয়ক ওয়েবসাইট ব্যবহার করার কারণে বেশ কিছু পরীক্ষার্থী অদ্যাবধি প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম হয়নি। এ সকল পরীক্ষার্থী তাদের আবেদনকৃত কলেজ থেকেও প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।

যদি কোন পরীক্ষার্থী প্রাথমিক আবেদন নিচয়নকৃত ৩০ মে ২০২৫ তারিখ পর্যন্ত তার প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম না হয় অথবা আবেদনকৃত কলেজ থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে না পারে, সেক্ষেত্রে এ পরীক্ষার্থীকে অবশ্যই প্রাথমিক আবেদন ফরম, এইচ এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও এসএমএস এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। এ সকল পরীক্ষার্থী তাদের এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট কেন্দ্রে আসন গ্রহণ করবে ও হাজিরাপত্র স্বাক্ষর করবে। তবে হাজিরাপত্রের ছবির সঙ্গে প্রাথমিক আবেদন ফরমের ছবি মিল না থাকলে পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। উল্লেখ্য যে, প্রবেশপত্রের QR কোড স্ক্যান করে পরীক্ষার্থীর ছবিসহ সকল তথ্য যাচাই করা যাবে।

বিঃদ্র:- যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিচয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৮.০৫.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

তারিখ: ২৮/০৫/২০২৫

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২০০

অনুলিপি:

- ১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি।

২৮.০৫.২০২৫

(মো. আবুল কাসেম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪

ই-মেইল: adm.hons@nu.ac.bd